# জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড: ১৫০

### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ২০ মিনিট | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ আসিফ ও কামাল সোহরাওয়ার্দী পার্কে বসে একটি ঐতিহাসিক ভাষণের স্মৃতিচারণ করছিল। কামাল বলল, ঐ ভাষণে আমাদের স্বাধীনতার ঘোষণার ইঙ্গিত রয়েছে। আসিফ বলল, বাঙালির স্বাধীনতার ইতিহাসে এ ভাষণের গুরুত্ব অনেক।

ক. ছাত্র সংগ্রাম পরিষদ কত তারিখে গঠিত হয়? ১

খ. অপারেশন সার্চলাইট কী? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত ভাষণের বৈশিষ্ট্যসমূহ বর্ণনা কর। ৩

ঘ. বাঙালির স্বাধীনতার ইতিহাসে ভাষণটির গুরুত্ব অনেক-আসিফের উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২. ▶ বাংলাদেশি শাহিদ সুইডেন এবং নাজিম ফ্রান্সে বসবাস করে। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ শুরু হওয়ার পর তারা প্রবাসে বসবাস করলেও বিভিন্নভাবে মুক্তিযুদ্ধে সহায়তা করার চেষ্টা করে। এ সময় ভারত সরকার বাংলাদেশকে বিভিন্ন সহায়তা প্রদান করেছিল।

ক. কে 'বাংলাদেশ কনসার্ট' আয়োজন করেছিলেন? ১

খ. যৌথ কমান্ড কী? ব্যাখ্যা কর। ২

গ. শাহিদ ও নাজিমের মত বাঙালিরা কীভাবে মুক্তিযুদ্ধে অবদান রেখেছিল? বর্ণনা কর। ৩

ঘ. উক্ত পার্শ্ববর্তী দেশটি মুক্তিযুদ্ধে কী ভূমিকা রেখেছিল? বিশ্লেষণ কর। ৪

৩. ▶ ইমু ৮ম শ্রেণিতে পড়ে। তার বাবা অসুস্থ। বাবাকে নিয়ে তার বড় ভাই এবং মা সিঙ্গাপুরের একটি হাসপাতালে চিকিৎসা করতে গিয়েছেন। ইমু মনে মনে স্থির করে যে, সে চিকিৎসা শাস্ত্রে লেখাপড়া করে বড় ডাক্তার হবে এবং বাংলাদেশে একটি উন্নতমানের হাসপাতাল প্রতিষ্ঠা করবে, যাতে চিকিৎসার জন্য এদেশের মানুষকে বিদেশ যেতে না হয়।

ক. GDP-এর পূর্ণরূপ কী? ১

খ. রেমিটেন্স কী? ব্যাখ্যা কর। ২

গ. জনগণের জীবনমানে উক্ত খাতের অবদান বর্ণনা কর। ৩

ঘ. ইমুর ভীবষ্যৎ পরিকল্পনাকে তুমি কতটুকু যুক্তিযুক্ত মনে কর? ৪

৪. ▶ শিক্ষক আমীর হোসেন জানতে পারে, দক্ষিণ এশিয়ার 'ক' দেশটিতে প্রতি বর্গকিলোমিটারে ১০১৫ জন লোক বাস করে এবং তাদের মাথাপিছু আয় মাত্র ৮৪৮ মার্কিন ডলার। এমতাবস্থায় তাদের মানবসম্পদে পরিণত করা গেলে উন্নয়ন সম্ভব।

ক. NGO-এর পূর্ণরূপ কী? ১

খ. কমিউনিটিভিত্তিক পরিবার পরিকল্পনা প্রকল্পটি ব্যাখ্যা কর। ২

গ. উক্ত দেশের জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকার কী কী পদক্ষেপ গ্রহণ করেছে-বর্ণনা কর। ৩

ঘ. জনগণকে মানবসম্পদে পরিণত করার মাধ্যমে উন্নয়ন সম্ভব-শিক্ষকের মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৫. ▶ সানি তার দাদুর কাছে গল্প শুনতে ভালোবাসে। দাদু সানিকে সমাজের একটি সমস্যার প্রভাব ও প্রতিরোধের উপায়গুলো সম্পর্কে ধারণা দেন। তিনি বলেন, এ সমস্যায় আক্রান্ত ব্যক্তির হৃদরোগ, যক্ষা, ক্যান্সার ও শ্বাসকষ্ট হতে পারে। তিনি আরও বলেন, বিভিন্ন প্রতিরোধমূলক কর্মকাণ্ডই পারে এ সমস্যার সমাধান করতে।

ক. শারীরিক-মানসিক ত্রুটি কীসের জন্ম দেয়? ১

খ. কিশোর অপরাধ কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত সমস্যাটি কোন সামাজিক সমস্যার অন্তর্ভুক্ত-বর্ণনা কর। ৩

ঘ. সানির দাদুর মতে, বিভিন্ন প্রতিরোধমূলক পদক্ষেপই সমস্যাটির সমাধান করতে পারে-তোমার অভিমত ব্যক্ত কর। ৪

৬. ▶ রুমি সিরাজগঞ্জে বাস করে। এই এলাকায় প্রায়ই নদীর পাড় ভাঙতে দেখা যায়। এ ধরনের দুর্যোগের আশঙ্কা দেখা দিলে রুমি ও তার পরিবার বিভিন্ন সচেতনমূলক কার্যক্রম গ্রহণ করে।

ক. দুর্যোগ কত প্রকার? ১

খ. সুনামি কী? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত পরিস্থিতিতে রুমি ও তার পরিবার কী কী পদক্ষেপ গ্রহণ করে? ৩

ঘ. উক্ত দুর্যোগের পরবর্তী করণীয় কী কী হওয়া উচিত? বিশ্লেষণ কর। ৪

৭. ▶ মাসুম মোটরগাড়িতে করে তার বাবাকে ডাক্তারের কাছে নিয়ে যাচ্ছে। হঠাৎ সে কম্পন অনুভব করল। কিন্তু সে গাড়ি না থামিয়ে চলে গেল। কম্পন সামান্য ছিল বলে সে বড় কোন দুর্ঘটনার শিকার হয়নি।

ক. বর্তমানে বাংলাদেশে বনভূমির পরিমাণ কত ভাগ? ১

খ. মানবসৃষ্ট দুর্যোগ কী? ব্যাখ্যা কর। ২

গ. উক্ত দুর্যোগের সময় মাসুমের কোন কোন বিষয়ে লক্ষ রাখা দরকার? বর্ণনা কর। ৩

ঘ. এ ধরনের দুর্যোগে যদি কোন দুর্ঘটনা ঘটে সেক্ষেত্রে করণীয় কী-তোমার মতামত দাও। ৪

৮. ▶ শফিক ও করিমের এলাকাসহ তিন চারটি এলাকার সাথে ২ বার সংঘর্ষ বাঁধে। এ বিশৃঙ্খল পরিস্থিতিতে শফিক, করিম ও বিভিন্ন এলাকার প্রধানদের সহযোগিতায় একটি সংস্থা প্রতিষ্ঠিত হয়। শফিক বলেন, ২য় বার সংঘর্ষের ধ্বংসলীলা থেকে মুক্তির প্রত্যাশায় উক্ত সংস্থাটির জন্ম হয়।

ক. ফাও কত সালে প্রতিষ্ঠিত হয়? ১

খ. আন্তর্জাতিক আদালত কী? ব্যাখ্যা কর। ২

গ. বিশ্ব শান্তি রক্ষায় উক্ত সংস্থাটির ভূমিকা বিশদভাবে বিবরণ দাও। ৩

ঘ. উক্ত সংঘর্ষের ধ্বংসলীলা থেকে মুক্তির প্রত্যাশায় সংস্থাটির জন্ম হয়-বিশ্লেষণ কর। ৪

৯. ▶ শিল্পপতি রফিক সাহেব বিদেশে বাংলাদেশের তৈরি বিভিন্ন বস্ত্র রপ্তানি করেন। এ শিল্প শুধু দেশেই নয়, বরং বিদেশেও আমাদের দেশকে পরিচিত করে। তিনি বলেন, বাংলাদেশের আর্থ সামাজিক উন্নয়নে বিভিন্ন শিল্পের অবদান অনস্বীকার্য।

ক. বাংলাদেশে মোট বনভূমির পরিমাণ কত? ১

খ. জীববৈচিত্র্য কাকে বলে? ব্যাখ্যা কর। ২

গ. রফিক সাহেব কোন শিল্পের সাথে সংশ্লিষ্ট সে সম্পর্কে বিবরণ দাও। ৩

ঘ. বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন শিল্পের অবদান অনস্বীকার্য রফিক সাহেবের এ উক্তিটি মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ **বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড: ১৫০

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (√) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. বাংলায় স্বাধীন সুলতানি শাসন কখন প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৩৩৮ খ্রি. (খ) ১২৯৬ খ্রি.
(গ) ১২৬০ খ্রি. (ঘ) ১৩৮০ খ্রি.

২. পুরো ভারতের বহির্বাণিজ্যকে আয়ত্তে নিয়েছিলেন কে?
(ক) ভাস্কো-দা-গামা (খ) আল বুকার্ক
(গ) মীরজাফর (ঘ) শায়েস্তা খান

৩. ওয়েস্টফালিয়ার শান্তিচুক্তি হয় কত সালে?
(ক) ১৬৮৪ খ্রি. (খ) ১৬৪৮ খ্রি.
(গ) ১৫৫৬ খ্রি. (ঘ) ১৪৯৯ খ্রি.

৪. পলাশী যুদ্ধের কত বছর পর সিপাহি বিদ্রোহ সংঘটিত হয়?
(ক) ৫০ (খ) ৭৫
(গ) ২০০ (ঘ) ১০০

৫. উনিশ শতকে বাংলায় নবজাগরণ ঘটেছিল—
(ক) রাজনীতিতে (খ) অর্থনীতিতে
(গ) জনশক্তিতে (ঘ) শিক্ষা ও সংস্কৃতিতে

৬. নবজাগরণের ফলে সংঘটিত হয়—
i. স্বদেশি আন্দোলন
ii. স্বরাজ আন্দোলন
iii. সশস্ত্র যুববিদ্রোহ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৭. কলকাতা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়—
(ক) ১৮৫৭ সালে (খ) ১৭৫৭ সালে
(গ) ১৮২১ সালে (ঘ) ১৯২১ সালে

৮. ১৯৭১ সালের ১৫ ফেব্রুয়ারি বঙ্গবন্ধুকে গার্ড অব অনার প্রদান করে—
(ক) কাদেরিয়া বাহিনী (খ) মুজিব বাহিনী
(গ) জয়বাংলা বাহিনী (ঘ) হেমায়েত বাহিনী

৯. মুক্তিযুদ্ধের সময় কোন বাহিনী সারা পৃথিবীতে সাড়া ফেলে দেয়?
(ক) মুক্তিফৌজ
(খ) গণবাহিনী
(গ) কাদেরিয়া বাহিনী
(ঘ) মুক্তিযোদ্ধা নৌ কমান্ডোগণ

১০. বাংলাদেশের বুদ্ধিজীবীদের হত্যার পরিকল্পনা করে—
(ক) রাজাকার (খ) শান্তি কমিটি
(গ) আলবদর (ঘ) আল শামস

১১. মুক্তিযুদ্ধের সময় মার্কিন যুক্তরাষ্ট্রের ভূমিকা ছিল—
(ক) নিরপেক্ষ (খ) ভারতের পক্ষে
(গ) পাকিস্তানের পক্ষে (ঘ) আমাদের পক্ষে

১২. পদ্মাবতী রচনা কে করেন?
(ক) আলাওল (খ) বঙ্কিমচন্দ্র
(গ) চণ্ডীদাস (ঘ) জ্ঞানদাস

১৩. চর্যাপদ লিখেছেন—
(ক) বৌদ্ধ সাধকরা (খ) দেবদেবীরা
(গ) হরপ্রসাদ শাস্ত্রী (ঘ) খ্রিস্টান সাধকরা

১৪. ঢাকার স্থাপত্য কর্মগুলো কোন রীতিতে তৈরি?
(ক) মুঘল রীতিতে তৈরি
(খ) ইংরেজি রীতিতে তৈরি
(গ) সেন রীতিতে তৈরি (ঘ) খ্রিস্ট রীতিতে তৈরি

১৫. পানাম নগরের চারপাশ দিয়ে পরিখা খনন করা হয়েছিল কেন?
(ক) যুদ্ধের জন্য (খ) নিরাপত্তার জন্য
(গ) পানির জন্য (ঘ) সৌন্দর্য বৃদ্ধির জন্য

১৬. ব্যক্তির মনের সংকীর্ণতা দূর করে সামাজিকীকরণের কোন গণমাধ্যম?
(ক) রেডিও (খ) টেলিভিশন
(গ) সংবাদপত্র (ঘ) চলচ্চিত্র

১৭. স্থানীয় সমাজের উপাদান কোনটি?
(ক) বিজ্ঞান ক্লাস (খ) জাতীয় সংসদ
(গ) সিটি কর্পোরেশন (ঘ) ইউনিয়ন পরিষদ

১৮. জনগণের আয় বৃদ্ধির মূল লক্ষ্য হলো—
(ক) মাথাপিছু আয় বৃদ্ধি করা
(খ) রেমিটেন্স বৃদ্ধি করা
(গ) উৎপাদন বৃদ্ধি করা
(ঘ) জীবনযাত্রার মান বৃদ্ধি করা

১৯. ২০০৯-২০১০ অর্থবছরে জাতীয় উৎপাদনে শিল্প খাতের অবদান কত শতাংশ?
(ক) ২৯.৯৫ (খ) ১৪.৩০
(গ) ১০.৭৬ (ঘ) ৪৯.৯০

২০. বাংলাদেশের সংবিধানের পঞ্চদশ সংশোধন কখন হয়?
(ক) ২০০৫ সালে (খ) ২০১২ সালে
(গ) ২০১১ সালে (ঘ) ২০১০ সালে

২১. রাষ্ট্রের মূল চালিকাশক্তি কী?
(ক) সরকার (খ) জনগণ
(গ) আইন বিভাগ (ঘ) শাসন বিভাগ

২২. বর্তমানে দেশে জেলা পরিষদের সংখ্যা কয়টি?
(ক) ৬৪টি (খ) ৬৩টি
(গ) ৬১টি (ঘ) ৬৮টি

২৩. বাংলাদেশের গ্রামাঞ্চলে কত স্তরবিশিষ্ট স্থানীয় সরকার কাঠামো চালু আছে?
(ক) চার (খ) পাঁচ
(গ) তিন (ঘ) এক

২৪. বায়ুমণ্ডলে ওজোন স্তর ক্ষয়কারী গ্যাসটির নাম কী?
(ক) এইচসিএফসি (খ) কার্বন-ডাইঅক্সাইড
(গ) সিএফসি (ঘ) মিথেন

২৫. বিশ্বের তাপমাত্রা নিয়ন্ত্রণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে—
(ক) নদী (খ) জলাশয়
(গ) বিল (ঘ) মহাসাগর

২৬. একটি দেশের উন্নয়নের সঙ্গে কোনটি জড়িত?
(ক) পরিবেশ (খ) মাথাপিছু আয়
(গ) জনসংখ্যা (ঘ) প্রশিক্ষণ

২৭. মুন্নী ৬ষ্ঠ শ্রেণিতে পড়ে। সে ২০০ টাকা হারে উপবৃত্তি পায়। সে কোন শ্রেণি পর্যন্ত এ উপবৃত্তি পাবে?
(ক) ১০ম (খ) দ্বাদশ
(গ) ৮ম (ঘ) ৯ম

২৮. বাংলাদেশের কোন সমস্যাটি উদ্বেগের বিষয়?
(ক) স্কুল পালানো (খ) পরীক্ষায় নকল
(গ) কিশোর অপরাধ (ঘ) বোমাবাজি

২৯. মাদকাসক্তি প্রতিরোধে সবচেয়ে কার্যকরী ব্যবস্থা—
(ক) প্রতিরোধমূলক (খ) প্রতিকারমূলক
(গ) পরীক্ষামূলক (ঘ) পুনর্বাসনমূলক

৩০. গারোদের আদি বাসস্থান ছিল—
(ক) মায়ানমার (খ) ভারত
(গ) শ্রীলঙ্কা (ঘ) তিব্বত

৩১. মাহারির গুরুত্ব অপরিসীম—
i. বিয়েতে
ii. উত্তরাধিকার
iii. সম্পত্তির ভোগ দখল
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩২. সাঁওতাল জনগোষ্ঠীর একটি উল্লেখযোগ্য অনুষ্ঠান হলো—
(ক) ঝিকানাচ (খ) দোলনাচ
(গ) ঝুমুর নাচ (ঘ) রাখিনাচ

৩৩. বাংলাদেশের বৃহত্তম জনগোষ্ঠী কোনটি?
(ক) চাকমা (খ) মারমা
(গ) গারো (ঘ) বাঙালি

৩৪. বাংলাদেশের মোট বনভূমির পরিমাণ কত বর্গকিলোমিটার?
(ক) ২৪,৯৩৮ (খ) ২৫,৭৩৫
(গ) ৪৫,৯৪৮ (ঘ) ২৩,৯৩৮

৩৫. আদমজি পাটকল কখন প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৮৫১ সালে (খ) ১৯৫১ সালে
(গ) ১৯৫৪ সালে (ঘ) ১৯৬৩ সালে

৩৬. বাংলাদেশের প্রথম চিনিকল প্রতিষ্ঠিত হয়—
(ক) ১৯২১ সালে (খ) ১৯৫২ সালে
(গ) ১৯৩৩ সালে (ঘ) ১৯৪৫ সালে

৩৭. প্রথম মহাযুদ্ধ চলে—
(ক) ১৯১৪-১৯১৮ পর্যন্ত (খ) ১৯১৪-১৯১৯ পর্যন্ত
(গ) ১৯১৩-১৯১৯ পর্যন্ত (ঘ) ১৯১৭-১৯২১ পর্যন্ত

৩৮. জাতিসংঘের প্রথম মহাসচিব ছিলেন কে?
(ক) বান কি মুন (খ) ট্রিগভেলি
(গ) ড. ইউনূস (ঘ) উইনস্টন চার্চিল

৩৯. কতজন বিচারক নিয়ে আন্তর্জাতিক আদালত গঠিত?
(ক) ১০ জন (খ) ১২ জন
(গ) ১৮ জন (ঘ) ১৫ জন

৪০. বিশ্বস্বাস্থ্য সংস্থার সদর দপ্তর কোথায়?
(ক) জেনেভায় (খ) এথেন্সে
(গ) জেদ্দায় (ঘ) নিউইয়র্কে

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | গ | ১১ | গ | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | খ | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | ক | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | ঘ | ৪০ | ক |

http://teachingbd.com